Partneriaeth Mewnfudo Strategol Cymru
ওয়েলস কৌশলগত অভিবাসন অংশীদারিত্ব

**শরণার্থী, আশ্রয়প্রার্থী এবং অভিবাসী এবং অন্যান্যরা যাদের সুরক্ষা এবং নিরাপত্তার জন্য উদ্বেগ রয়েছে তাদের সুরক্ষা এবং সহায়তা সম্পর্কিত তথ্য।**

এই তথ্যটি ওয়েলস স্ট্র্যাটেজিক মাইগ্রেশন পার্টনারশিপ দ্বারা সংকলিত হয়েছে এবং আমাদের কাছে আরও তথ্য উপলব্ধ হওয়ার সাথে সাথে এটি পরিবর্তন সাপেক্ষে।

## তাৎক্ষণিক উদ্বেগসমূহ

**আপনি যে পরিস্থিতিতে আছেন তা যদি হিংস্র হয় বা কেউ আসন্ন বিপদে থাকে তবে তাৎক্ষণিকভাবে 999 নম্বরে যোগাযোগ করুন।**

## ঘৃণাজাত অপরাধ

**ঘৃণাজাত অপরাধ কী?**

ঘৃণাজাত অপরাধগুলি এমন কোন অপরাধ হিসাবে সংজ্ঞায়িত করা হয় যা ভুক্তভোগী বা অন্য কোনও ব্যক্তির দ্বারা অনুভূত হয় যে সেগুলি নিম্নলিখিত জিনিসগুলির উপর ভিত্তি করে হয়েছে:

- প্রতিবন্ধিতা
- জাতি বা সাম্প্রদায়িক উৎস
- ধর্ম বা বিশ্বাস
- যৌন অভিমুখীতা
- হিজড়া (ট্রান্সজেণ্ডার) পরিচয়

যে কেউ ঘৃণাজাত অপরাধের শিকার হতে পারে এবং ভুক্তভোগীকে সেই গোষ্ঠীর অংশ হওয়ার দরকার নেই যেটিকে লক্ষ্যবস্তু করে বৈরিতা করা হয়।

**কেনো আপনি ঘৃণাজাত অপরাধের কথা জানাবেন?**

ঘৃণাজাত অপরাধের ঘটনাগুলি ভীতিজনক হতে পারে এবং সেগুলি রিপোর্ট করা একটি পার্থক্য তৈরি করে। সেগুলি রিপোর্ট তথা নালিস করার মাধ্যমে আপনি ভবিষ্যতে অন্যদের সাথে এই ঘটনাগুলি ঘটতে বাধা দিতে সহায়তা করছেন এবং এটি পুলিশকে আপনার এলাকায় ঘৃণাজাত অপরাধের মাত্রা বুঝতে সহায়তা করে।

**পুলিশ**

ওয়েলসে, ঘৃণাজাত অপরাধ রিপোর্ট করার বিভিন্ন উপায় রয়েছে। আপনি সরাসরি পুলিশের কাছে ঘৃণাজাত অপরাধের অভিযোগ জানাতে পারেন। একটি রিপোর্ট করতে **101** নম্বরে কল করুন, একটি পুলিশ স্টেশনে যান, বা নীচের লিঙ্কগুলির মধ্যে একটির মাধ্যমে এটি রিপোর্ট করুন:

How to report hate crime | South Wales Police (south-wales.police.uk)

How to report hate crime | Dyfed-Powys Police

How to report hate crime | North Wales Police

How to report hate crime | Gwent Police

Report hate crime | Police.uk (www.police.uk)

ট্রু ভিশন (True Vision) হলো ঘৃণাজাত অপরাধে আক্রান্ত ব্যক্তিদের সমর্থন করার জন্য পুলিশ-অর্থায়িত ওয়েবসাইট: Stop Homophobic, Transphobic, Racial, Religious & Disability Hate Crime - True Vision(report-it.org.uk)

**ঘৃণাজাত অপরাধ সম্পর্কে অভিযোগ করা এবং ভিকটিম সাপোর্ট।**

এমন অনেকগুলি **দাতব্য সংস্থা তথা চ্যারেটি** রয়েছে যারা আপনাকে ঘৃণাজাত অপরাধের কথা রিপোর্ট করতে আপনাকে সাহায্য করতে এবং আপনাকে সহায়তা দিতে পারে।

হেইট ক্রাইম ভিকটিম সাপোর্ট: Contact – Wales Hate Crime (victimsupport.org.uk)
ভিকটিম সাপোর্ট লাইন: 0300 3031 982
ইমেইল: Hate.CrimeWales@victimsupport.org.uk

ঘৃণাজাত অপরাধ রিপোর্ট করার ব্যাপারে সহায়তা এবং সমর্থন: Home - Stop Hate UK
24 ঘন্টা হেল্পলাইন: 0800 138 1625
টেক্সটঃ 07717 989 025
ইমেইল: talk@stophateuk.org

বেনামে অপরাধ রিপোর্ট করা: Independent UK charity taking crime information anonymously | Crimestoppers (crimestoppers-uk.org)
টেলিফোন: 0800 555 111

**মুসলিম হিসেবে বিদ্বেষের শিকারগ্রস্তদের জন্য সমর্থন (Anti-Muslim Hate support)**

মুসলিম বিদ্বেষীর বিষয়ে সমর্থন: Tell Mama: Report in Anti-Muslim Hate orIslamophobia (tellmamauk.org)
টেলিফোন: 0800 456 1226
টেক্সটঃ 0115 707 00 07
হোয়াটসঅ্যাপ: 0734 184 6086
ইমেইল: info@tellmamauk.org

**ইন্টারনেটে বিদ্বেষমূলক বক্তব্য, ঘৃণাজাত অপরাধ এবং অনলাইনে আপত্তিকর জিনিস**

অনলাইনে ঘৃণাত্মক বক্তব্য এবং ঘৃণাজাত অপরাধের বিষয়ে কীভাবে রিপোর্ট করতে হয় সে সম্পর্কিত তথ্য: Report HarmfulContent - We Help You Remove Content

**আশ্রয়প্রার্থীদের জন্য এবং একা আসা আশ্রয়প্রার্থী শিশুদের জন্য সহায়তা**

আপনি যদি তাৎক্ষণিক হুমকির সম্মুখীন হন তবে **999 নম্বরে পুলিশের** সাথে যোগাযোগ করুন। বিকল্পভাবে, আপনি সহায়তার জন্য আপনার সোশাল ওয়ার্কার/ব্যক্তিগত পরামর্শদাতার সাথে যোগাযোগ করতে পারেন।

**প্রাপ্তবয়স্ক আশ্রয়প্রার্থীগণ**

**ক্লিয়ারস্প্রিংস রেডিহোমস**
**(Clearsprings Readyhomes)**

আপনি যদি ওয়েলসে আশ্রয়প্রার্থী হন তবে আপনার আবাসন প্রদানকারী ক্লিয়ারস্প্রিংস রেডিহোমস। আপনি যে আবাসনে থাকছেন সে সম্পর্কে আপনার যদি কোনও উদ্বেগ থাকে বা অনিরাপদ বোধ করেন তবে

প্রথমে আপনার আবাসন ম্যানেজারের সাথে যোগাযোগ করুন। প্রাথমিক তথ্য প্যাকে আপনাকে বিস্তারিত তথ্য দেয়া হয়েছে।

**মাইগ্রেন্ট হেল্প (Migrant Help)**

আশ্রয়প্রার্থীরা 24/7 মাইগ্রেন্ট হেল্প থেকে সহায়তা পেতে পারেন। উদ্বেগের জন্য বা সুরক্ষার প্রয়োজনীয়তাসমূহের জন্য, আপনি **08088 010 503** নম্বরে ফার্স্ট রেসপন্স সেন্টারে যোগাযোগ করতে পারেন
অথবা তাদের ওয়েবসাইটের মাধ্যমে: Contact | Migrant Help (migranthelpuk.org)

**মাইগ্র্যান্ট হেল্প আশ্রয়প্রার্থীদের আবাসন সংক্রান্ত যেকোন সমস্যার সাথে সম্পর্কিত প্রথম সুযোগে ক্লিয়ারস্প্রিংস রেডিহোমসের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়।**

**অন্যান্য রিজোর্সসমূহ**

**ন্যাশন অফ স্যাঙ্কুয়ারী**

**(Nation of Sanctuary)**

স্যাঙ্কুয়ারী ওয়েবসাইট ওয়েলসে কীভাবে নিরাপদ থাকতে পারেন সে সম্পর্কে তথ্য সরবরাহ করে: Sanctuary |Staying safe (gov.wales)

**মানসিক স্বাস্থ্য সহায়তা**

জরুরী মানসিক স্বাস্থ্য সহায়তার জন্য, **এনএইচএস 111 নম্বরে কল করুন এবং অপশন 2 টিপুন**। সার্ভিসটি ওয়েলসের সমস্ত অঞ্চলে 24/7 উপলব্ধ রয়েছে যাতে যাদের সহায়তার প্রয়োজন হয় তারা যখন এটির সবচেয়ে বেশি প্রয়োজন হয় তখন এটি দ্রুত ব্যবহার করতে পারেন তা নিশ্চিত করা যায়।

ওয়েলসে, কল হেল্পলাইনটি (CALL helpline) মানসিক সমর্থন এবং পরামর্শের জন্য 24/7 খোলা থাকে। CALL-এ বিনামূল্যে ফোন করার জন্য ফ্রিফোন নম্বরটি হলো **0800 132 737** অথবা আপনি মানসিক স্বাস্থ্য এবং কল্যাণ সম্পর্কিত তথ্য এই সাইটে পেতে পারেনঃ https://www.callhelpline.org.uk/

আরও তথ্য এখানে পাওয়া যাবে: NHS 111 Wales - Mental Health andWellbeing.

-

**ডিউইস ওয়েলস (Dewis Wales)**

Dewis Wales সার্চ ইঞ্জিন আপনাকে স্থানীয় অভিবাসী, শরণার্থী এবং আশ্রয়প্রার্থী সংগঠনসমূহ এবং অন্যান্য প্রয়োজনগুলির ব্যাপারে সাহায্য প্রদান করে এরূপ সংস্থাগুলি খুঁজে পেতে সহায়তা করতে পারেঃ Dewis.wales

এই প্রচারপত্রের ব্যাপারে মতামত জানানোর জন্য অথবা আপডেটের জন্য, অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুনঃ WSMPComms@wlga.gov.uk